

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

নং-৩৩.০১.০০০০.১০২.২০.০০১.২৩-৯৩


তারিখ : ০৫/০৪/২০২৩ ইং।

বিষয় : চলতি ২০২২-২০২৩ অর্থবছরের ইউটিলিটি বিল পরিশোধের লক্ষ্যে অতিরিক্ত চাহিদা প্রদান প্রসংগে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার এবং আপনার অধীনস্থ দপ্তরসমূহের চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের পরিচালন (রাজস্ব) বাজেটের ইউটিলিটি (বিদ্যুৎ, টেলিফোন, পানি, গ্যাস বিল, ভূমিকর ও পৌরকর) বিলসমূহ পরিশোধের জন্য ইতিপূর্বে বরাদ্দ পত্রের সাথে নির্দেশনা প্রদান করা হয়েছিল। বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে বিদ্যুৎ খাতে ২৫% এবং গ্যাস ও জ্বালানী খাতে ২০% সাশ্রয়ের জন্য বলা হলেও অনেক দপ্তর/প্রতিষ্ঠান এ সকল খাতে নির্দেশ মোতাবেক সাশ্রয় করছেন না, যা নির্দেশার পরিপন্থী। বিদ্যুৎ খাতে সাশ্রয় না করার ফলে এ খাতে অনেক টাকা বকেয়া থেকে যাবে মর্মে প্রতিয়মান হচ্ছে।

এমতাবস্থায়, ইউটিলিটি বিলসমূহ যতদূর সম্ভব পরিশোধ করার পর সর্বোচ্চ সাশ্রয়ের বিষয়টি বিবেচনায় নিয়ে আপনার ও আপনার অধীনস্থ দপ্তরসমূহের মে/২০২৩ পর্যন্ত অতিরিক্ত কত টাকার প্রয়োজন হতে পারে তা নিম্নোক্ত ছকপত্র মোতাবেক আগামী ২০/০৪/২০২৩ইং তারিখের মধ্যে অধিদপ্তরের হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	দপ্তর/প্রতিষ্ঠানের নাম	অতিরিক্ত চাহিদার পরিমাণ						মন্তব্য
		৩২১১১১৩ -বিদ্যুৎ	৩২১১১১৫ -পানি	৩২১১১২০ -টেলিফোন	৩২৪৩১০২- গ্যাস ও জ্বালানী	৩৮২১১০২ -ভূমিকর	৩৮২১১০৩ -পৌরকর	


(ড. মোঃ আবু সুফিয়ান)
পরিচালক
(হিসাব, বাজেট ও নিরীক্ষা)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৫/০৪/২৩

বিতরণঃ

- ১) পরিচালক, উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
- ৩) পরিচালক, বি.সি.এস লাইভস্টক একাডেমী, সাভার, ঢাকা।
- ৪-১১) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/ রংপুর/ খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
- ১২) পরিচালক, প্রাণিসম্পদ ঔষধাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ১৩) পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ১৪) পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ১৫) পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।
- ১৬) ভেটেরিনারি সার্জন, রংপুর চিড়িয়াখানা/ বিনোদন উদ্যান, রংপুর।
- ১৭) সিনিয়র সহকারী পরিচালক, জেলা পিগ ফার্ম, রাংগামাটি পার্বত্য জেলা।
- ১৮-৮১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল),। জেলা দপ্তর, মেট্রো দপ্তর ও আপনার অধীনস্থ উপজেলা দপ্তর এবং প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশনসমূহের তথ্যাদি (যদি থাকে) ছকপত্র মোতাবেক অধিদপ্তরে প্রেরণের জন্য বলা হ'ল।
- ৮২-১৪৪) ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল (সকল),।
- ১৪৫) অত্র অধিদপ্তরের হিসাব ও ক্যাশ শাখা।